

আমাদের মন্ত্র

কৃষি বিশ্ববিদ্যালয়ে গুচ্ছভর্তি পরীক্ষা ৩১ জুলাই

নিজস্ব প্রতিবেদক

৪ মার্চ ২০২১ ০০:০০ | আপডেট: ৪ মার্চ ২০২১ ০২:২৬

আমাদের মন্ত্র

দেশের সব কৃষি বিশ্ববিদ্যালয় এবং কৃষি শিক্ষা প্রাধান্য পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোয় ভর্তি পরীক্ষার তারিখ পুনর্নির্ধারণ করা হয়েছে। ভর্তি পরীক্ষা আগামী ৩১ জুলাই অনুষ্ঠিত হবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট কক্ষে গতকাল অনুষ্ঠিত গুচ্ছ পদ্ধতিতে ভর্তি কমিটির দ্বিতীয় সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

বশেমুরকৃবির জনসংযোগ বিভাগের উপ-রেজিস্ট্রার মো. মজনু মিয়া জানান, সব পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোয় ভর্তি পরীক্ষার তারিখের সঙ্গে সমন্বয় করে তারিখ পুনর্নির্ধারণ করা হয়েছে। পরীক্ষার সময় বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এবং এমসিকিট পদ্ধতিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. গিয়াসউদ্দীন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য লুৎফুল হাসান, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. শহীদুর রশীদ ভুঁইয়া, চট্টগ্রাম ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমেল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গৌতম বুদ্ধ দাশ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. মতিয়ার রহমান হাওলাদার, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. শহীদুর রহমান খান, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য স্বদেশ চন্দ্র সামত প্রমুখ।

এ সময় আরও উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ তোফায়েল আহমেদ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরি কমিশনের (ইউজিসি) পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক মোহাম্মদ জামিনুর রহমান, বশেমুরকৃবির রেজিস্ট্রার মো. সিরাজুল ইসলাম তালুকদার প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন খবর টেলিক

আমাদেশময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy